



ডিন অফিস
বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919
PABX : 9661900-72/4344, 4345
E-mail : dean@du.ac.bd

নং- বি: অনু:/ /২০১৮-২০১৯

তারিখ : ১৩ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ
২৯ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি-১

বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

গত ০৯ নভেম্বর ২০১৮ তারিখ শুক্রবার অনুষ্ঠিত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিভুক্ত সরকারী ৭টি কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির 'বিজ্ঞান ইউনিটের' ভর্তি পরীক্ষার ফলাফল ১৩/১১/২০১৮ তারিখ প্রকাশ করা হয়েছে। ফলাফল www.7college.du.ac.bd ওয়েবসাইট থেকে জানা যাবে।

নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে:

- ১। প্রকাশিত বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার (ফলাফল) উত্তরপত্র নিরীক্ষার জন্য কোনো প্রার্থী আগ্রহী হলে, ১০০০/- (এক হাজার) টাকা নিরীক্ষা ফিস অগ্রণী ব্যাংক লি:, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় **Science Unit Admission** শিরোনামের হিসাব নং **CD-0200011201548**-তে জমা দিয়ে টাকা জমার রশিদ, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের অনুলিপিসহ 'ডিন, বিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী বিজ্ঞান ইউনিট ভর্তি-২০১৮-২০১৯, ঢাকা বিশ্ববিদ্যালয়'-এর বরাবর দরখাস্ত লিখে আগামী ২২/১১/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনুষদের ডিনের অফিসে দরখাস্ত জমা দিতে হবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরত দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে। এতদসংক্রান্ত ফলাফল আগামী ২৬/১১/২০১৮ তারিখে অনুষদ অফিসে প্রকাশ করা হবে।
- ২। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ৭টি কলেজে কর্মরত শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের ওয়ার্ড কোটা, উপজাতি, ক্ষুদ্র নৃগোষ্ঠ, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও মুক্তিযোদ্ধা (সন্তান, নাতি-নাতনি) কোটায় ভর্তি হতে আগ্রহী প্রার্থীদেরকে ১৫/১১/২০১৮ থেকে ২৬/১১/২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোটার ফরম বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে উক্ত সময়সীমার মধ্যে যথাযথভাবে পূরণ করে অফিস চলাকালীন সময়ে অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে।
- ৩। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ভর্তির জন্য **Choice Form** পূরণ করার সময়সূচী ওয়েবসাইটের নোটিশে পরবর্তীতে জানানো হবে।

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ

ডিন, বিজ্ঞান অনুষদ

এবং

সমন্বয়কারী, বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়